বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএ ফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	০২ টি	০১ টি	০১ টি	০০ টি	০০ টি	০২ টি	৫০%-৯৬.৭৭%	০০ টি	০০

১। **<u>সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ</u>** ০২ টি

২। **<u>সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ</u>**

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
চট্টগ্রামস্থ মোটেল সৈকত কমপাউন্ডে নতুন পর্যটন মোটেল নির্মাণ এবং কক্সবাজারস্থ হোটেল শৈবালের সংস্কার (২য় সংশোধিত)।	৪২৮৫.৫৬	ডিসেম্বর/২০১০ হতে ডিসেম্বর/২০১৫
সিএএবি এমপি-২১০০ প্রজেক্ট ডকুমেন্ট এর আওতায় সিএএবি'এর সকল ক্ষেত্রের রেগুলেটরী বিষয়সমূহের উন্নয়ন ও সহায়তার জন্য আন্তর্জাতিক পরামর্শক সেবা	২৫১৭.৭৬	জানুয়ারি ২০১৩ হতে ডিসেম্বর ২০১৫

৩। **<u>সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ</u>**

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
চট্টগ্রামস্থ মোটেল সৈকত কমপাউন্ডে নতুন পর্যটন মোটেল নির্মাণ এবং কক্সবাজারস্থ হোটেল শৈবালের সংস্কার (২য় সংশোধিত)।	প্রকল্প মেয়াদকালে নির্মাণ কাজের পরিধি পরিবর্তন করায় প্রকল্প ব্যয় ও মেয়াদকাল বৃদ্ধি পায়।
সিএএবি এমপি-২১০০ প্রজেক্ট ডকুমেন্ট এর আওতায় সিএএবি'এর সকল ক্ষেত্রের রেগুলেটরী বিষয়সমূহের উন্নয়ন ও সহায়তার জন্য আন্তর্জাতিক পরামর্শক সেবা।	আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে বিলম্ব হওয়ায় নির্ধারিত সময়ে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি তাই বাস্তবায়নকাল বর্দ্ধি পায়।

৪। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ**

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
সিএএবি এমপি-২১০০ প্রজেক্ট ডক্যুমেন্ট এর আওতায় সিএএবি'এর সকল ক্ষেত্রের রেগুলেটরী বিষয়সমূহের উন্নয়ন ও সহায়তার জন্য আন্তর্জাতিক পরামর্শক সেবা	
১) প্রকল্পের দলিলাদি ও সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে দেখা যায় যে, ২ বছর মেয়াদে ২৫.৬৪ কোটি টাকা ব্যয়ে প্রকল্পের আওতায় সিএএবি'এর সকল ক্ষেত্রের রেগুলেটরী বিষয়সমূহের উন্নয়ন ও সহায়তার জন্য আন্তর্জাতিক পরামর্শক সেবা গ্রহণ করার কথা। তবে, ৫০% অতিরিক্ত সময় ব্যয়ে অর্থাৎ ৩ বছর মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়। বিলম্বে প্রকল্পের কার্যক্রম শুরু করায় এর বাস্তবায়ন দীর্ঘায়িত হয়; ২) প্রকল্পের আওতায় সম্পাদিত প্রশিক্ষন সিএএবি পরিদর্শকগনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ন যা পূর্বে বাংলাদেশে প্রদান করা সম্ভব হয়নি। পরিদর্শকগনকে বিদেশে প্রেরণ করে এই প্রশিক্ষন প্রদান করতে প্রচুর অর্থের প্রয়োজন পড়ে। Inspector's Training System (ITS) প্রশিক্ষনটি প্রদান করতে প্রয়োজন হয় Federal Aviation Administration (FAA) accredited প্রশিক্ষক যারা FAA এবং বিশ্বের কয়েকটি নির্দিষ্ট প্রশিক্ষন কেন্দ্রে ছাড়া প্রশিক্ষন প্রদান করেন না। আলোচ্য প্রকল্পের আওতায় প্রশিক্ষন সম্পন্ন করার ফলে একই সাথে সিএএবি-এর ৪০ জনের মত পরিদর্শক প্রশিক্ষনের সুযোগ পেয়েছে। এতে অর্থের সাশ্রয় হয়েছে। ৩) প্রকল্পটির মাধ্যমে সিএএবি এর পরিদর্শকগন আশেপাশের দেশের সিএএ এর তুলনায় অনেকগুন যোগ্যতা অর্জন করেছে। যার ফলে প্রকল্পটি সমাপ্ত হওয়ার পর আশে পাশের দেশ যেমন-নেপাল, ভূটান, থাইল্যান্ড, মায়ানমার প্রভৃতি হতে রিগুলেটরী সংক্রান্ত বিষয়ে বিশেজ্ঞ পরামর্শের জন্য অনুরোধ জানানো হলে উক্ত আলোচ্য প্রকল্পে প্রশিক্ষনপ্রাপ্ত পরিদর্শকগন উক্ত দেশসমূহে গিয়ে বিশেষজ্ঞ পরামর্শ প্রদান করে এসেছেন।	১) প্রকল্পের আওতায় প্রাপ্ত Action plan, রেগুলেটরী অ্যাফেয়ার্স সংক্রান্ত ডকুমেন্ট এবং সম্পাদিত প্রশিক্ষণে লব্ধ জ্ঞান প্রয়োগ করে বাংলাদেশকে ফেডারেল এভিয়েশন এ্যডমিনিষ্ট্রেশন এর Category-2 হতে Category-1 রাষ্ট্রে উন্নীতকরণে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে; ২) প্রযোজ্য শর্ত প্রতিপালনপূর্বক অতিশীঘ্র বাংলাদেশ-USA রুটে পুনরায় বাংলাদেশ বিমান চলাচলের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে; ৩) প্রকল্পের উপর অতি শীঘ্রই external audit সম্পন্ন করতে হবে; ৪) ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের ডিপিপি প্রণয়নের সময় পারিপার্শ্বিক সকল বিষয়াদি বিবেচনায় এনে প্রকল্পের সঠিক ডিজাইন নিশ্চিত করতে হবে, যাতে করে প্রকল্পের সংশোধন বা মেয়াদ বৃদ্ধির প্রয়োজন না হয়; ৫) অনুচ্ছেদ ২১.১-২১.৪ এর উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডিসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।
চট্টগ্রামস্থ মোটেল সৈকত কমপাউন্ডে নতুন পর্যটন মোটেল নির্মাণ এবং কক্সবাজারস্থ হোটেল শৈবালের সংস্কার (২য় সংশোধিত)	
১) প্রকল্পের সংশোধিত ডিপিপিতে কক্সবাজারস্থ হোটেল শৈবালের সব ধরনের কাজ সম্পূর্ণভাবে বাদ দেয়া হয়েছে। কিন্তু প্রকল্পের নাম থেকে বাদ দেয়া হয়নি। ফলে প্রকল্পের আওতায় সম্পাদিত কাজে সর্ম্পকে বিভ্রান্তির	১) প্রকল্পের নামকরণে প্রকল্প এলাকার যথাযথ প্রতিফলন হয়নি। ভবিষ্যতে এ ব্যাপারে সর্তক থাকতে হবে; ২) পিসিআর একটি গুরুত্বপূর্ণ দলিল। সর্বশেষ সংশোধিত ডিপিপি'র তথ্যের আলোকে পিসিআর এ তথ্য সন্নিবেশ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
আশংকা থেকে যায়। ২) সংশোধিত ডিপিপি অনুসারে পিসিআর এ তথ্য সন্নিবেশ না করে মূল ডিপিপি অনুসারে পিসিআর এ তথ্য দেওয়া হয়েছে ফলে মূল্যায়নকালে বিড়ম্বনার সম্মুখীন হতে হয়েছে। বিশেষ করে মেশিনারিজ এবং ইকুইপমেন্ট (এয়ারকুলার, ওয়াটার হিটার, ফায়ার ইস্টিংগুসার) এর সংখ্যাগত তথ্যে গরমিল পাওয়া যায়।	করা প্রয়োজন। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পিসিআর প্রস্তুতকালে আরো যত্নবান হতে হবে; ৩) প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র, মেশিনারিজ/ ইকুইপমেন্ট, লিনেনসহ ক্রোকারিজ/কাটলারিজ মোটেল সৈকতের আসববাপত্র রেজিষ্টারের লিপিবদ্ধ করা হলেও লিপিবদ্ধকারী/কর্মকর্তার কোন স্বাক্ষর নেই। রেজিষ্টারের যে সমস্ত পৃষ্ঠায় সংগৃহীত মালামালের তথ্য লিপিবদ্ধ করা হয়েছে সেখানে লিপিবদ্ধকারীসহ সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর করা প্রয়োজন; ৪) চট্টগ্রামস্থ মোটেল সৈকত কমপাউন্ডে একটি সুইমিং পুল নির্মাণ করা হলে মোটেলটির মান আরও বৃদ্ধি পাবে; এবং ৫) প্রকল্পটির উপর দ্রুত External Audit সম্পাদন করতে হবে।

সিএববি'র এমপি-২১০০ প্রজেক্ট ডকুমেন্ট-এর আওতায় রেগুলেটরী বিষয়ে সকল দিক উন্নয়নের লক্ষ্যে আন্তর্জাতিক পরামর্শক সেবা প্রকল্প -শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

০১। প্রকল্পের নাম : সিএএবি এমপি-২১০০ প্রজেক্ট ডকুমেন্ট এর আওতায় সিএএবি'এর সকল ক্ষেত্রের রেগুলেটরী বিষয়সমূহের উন্নয়ন ও সহায়তার জন্য আন্তর্জাতিক পরামর্শক সেবা প্রকল্প।

০২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

০৩। প্রশাসনিক মন্ত্রণালয় : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

০৪। প্রকল্পের এলাকা (জেলা ও উপজেলার নাম): সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

০৫। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল ব্যয়	১ম সংশোধিত		মূল	সংশোধিত			
১	৩	৪	৫	৬	৭	৮	৯
২৫৬৩.৮৪	২৫৪৫.০১	২৫১৭.৭৬	জানুয়ারী'২০১৩ -ডিসেম্বর'২০১৪	জানুয়ারী'২০১৩ - ডিসেম্বর'২০১৫	জানুয়ারি ২০১৩ - ডিসেম্বর ২০১৫	-৪৬.১১ (- ১.৮%)	১২ মাস (+৫০%)

০৬। প্রকল্পের অর্থায়নঃ সংস্থার নিজস্ব তহবিল।

৭। **অনুমোদনের তারিখ**	মূল	১৮-০৭-২০১৩
	১ম সংশোধিত	২৬-১০-২০১৪
	আন্ত:খাত সমন্বয়	প্রকল্পের অনুকূলে কোন আন্ত:খাত সমন্বয় হয়নি।
	মেয়াদ বৃদ্ধি	প্রকল্পের অনুকূলে কোন ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়নি।

০৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

নং	**কার্যক্রম**	**একক**	**প্রকল্পের লক্ষ্যমাত্রা**		ডিসেম্বর'২০১৫ পর্যন্ত অগ্রগতি	
			ভৌত	**আর্থিক**	**ভৌত**	**আর্থিক**
A	Revenue Component					
	Consultancy Services					
1	Remuneration	জন-মাস	৫০.৮৪	২১৬৪.৩৮	৫০.৮৪	২১৬৪.৩৫

নং	কার্যক্রম	একক	প্রকল্পের লক্ষ্যমাত্রা		ডিসেম্বর'২০১৫ পর্যন্ত অগ্রগতি	
			ভৌত	আর্থিক	ভৌত	আর্থিক
				(১৭৩১.৫০)		(১৭৩১.৫০)
2	Reimbursable Expenses	L.S	L.S	১৯৩.২৯ (৮৬.৪০)	L.S	১৯২.৮৮ (৮৬.৪০)
3	Fuel	লিটার/মাস	৩৫০	১২.৬০	৩১৮.৬৭	৩.১৯
4	Maintenance	L.S	-	১৬.৪০	-	-
5	Cost for administrative, Meeting etc. arrangement	L.S	-	১.০০	-	-
	Sub-total (a)Revenue Component	-	-	২৩৮৭.৬৭ (১৮১৭.৯)	-	২৩৬০.৪২ (১৮১৭.৯)
B	(b) Capital Component		-			
	Transport	টি	০৩	১৫৭.৩৪ (-)	০৩	১৫৭.৩৪ (-)
	Grand Total	-	-	২৫৪৫.০১ (১৮১৭.৯০)		২৫১৭.৭৬ (-)

০৯। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ**

প্রকল্পের আওতায় সকল কার্যক্রম সমাপ্ত হয়েছে।

১০। **প্রকল্পের উদ্দেশ্য:**

(১) আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংস্থা (ICAO) অথবা টেকনিক্যাল ক'পারেশন ব্যুরো (TCB) অথবা ফেডারেল এভিয়েশন এ্যাডমিনিষ্ট্রেশন (FAA) অথবা অন্য আন্তর্জাতিক সংস্থা হতে এভিয়েশন বিশেষজ্ঞ-এর সেবা ক্রয় করা এবং on the Job Training (OJT) প্রদানের মাধ্যমে সিএএবি পরিদর্শক ও দেশীয় বিশেষজ্ঞ তৈরী করা ।

(২) (ক) আান্তর্জাতিক বিশেষজ্ঞগনের সহায়তায় প্রতিযোগিতামূলক সিএএ হিসাবে গড়ে তোলা।

(খ) Significant Safety Concern (SSC) আরোপ হওয়া হতে রক্ষা পাওয়ার লক্ষ্যে Capability অর্জন করা।

(গ) বাংলাদেশ কে ফেডারেল এভিয়েশন এ্যাডমিনিষ্ট্রেশন এর Category-2 হতে Category-1 রাষ্ট্রে উন্নীতকরণ।

(ঘ) USA তে যাওয়ার ক্ষেত্রে Boeing-777 বিমান ব্যবহার করতে পারা।

(ঙ) সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়ন করা।

১১। **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

বিগত ১৮-০৭-২০১৩ তারিখে প্রকল্পটির টিপিপি ২৫৬৩.৮৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জানুয়ারী'২০১৩ - ডিসেম্বর'২০১৪ বাস্তবায়ন মেয়াদে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে গত ২৬-১০-২০১৪ তারিখে

২৫৪৫.০১ লক্ষ টাকা ব্যয়ে এবং জানুয়ারী'২০১৩ - ডিসেম্বর'২০১৫ বাস্তবায়ন মেয়াদে প্রকল্পটির সংশোধিত টিপিপি অনুমোদিত হয়।

১২। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

প্রকল্পের আওতায় নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন করা হয়েছেঃ

(১) সিএএবি এর রেগুলেটরী অ্যাফেয়ার্স কার্যক্রমের উপর একটি GAP Analysis এবং সুপারিশ সম্বলিত একটি Action Plan-ও প্রস্তুত করণ।

(২) বেসামরিক বিমান চালচল আইন এর খসড়া প্রস্তুত করণ।

(৩) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিম্নলিখিত গুরুত্বপূর্ন রেগুলেটরী অ্যাফেয়ার্স সংক্রান্ত ডকুমেন্ট প্রস্তুত করনঃ

(ক) ANO-part-1-General Policy, Procedures and Definitions;
(খ) ANO-part-2-Personnel Licensing;
(গ) ANO-part-3-Approved Training Organization;
(ঘ) ANO-part-4- Aircraft Registration And Marking;
(ঙ) ANO-part-5- Airworthiness
(চ) ANO-part-6-Approved Maintenance Organization;
(ছ) ANO-part-7-Instruments and Equipments;
(জ) ANO-part-9- Air Operator Certification and Administration;
(ঝ) ANO-part-10-Commercial Air Transport by Foreign Operators within Bangladesh;
(ঞ) ANO-part-11- Aerial Works;
(ট) Inspectors Technical Guidance on ANO-part-1;
(ঠ) Inspectors Technical Guidance on ANO-part-2;
(ড) Inspectors Technical Guidance on ANO-part-4;
(ঢ) Inspectors Technical Guidance on ANO-part-5;
(ণ) Inspectors Technical Guidance on ANO-part-6;
(ত) Inspectors Technical Guidance on ANO-part-8;
(থ) Inspectors Technical Guidance on ANO-part-9;

(৫) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে নিম্নলিখিত প্রশিক্ষন সম্পন্ন করা হয়ঃ

(ক) Inspector's Training System (ITS)
(খ) On the Job Trining (OJT)

(৬) International Aviation Safety Audit (IASA) এর বিষয়ে একটি প্রাক- IASA সম্পন্ন করা হয় যার ফলে সিএএবি এর পরিদর্শকগন IASA অডিট সিস্টেম সম্পর্কে একটি পূর্নাঙ্গ ধারনা পায়।

১৩। **প্রকল্পের সার্বিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

১৩.১ **প্রকল্পের আর্থিক অগ্রগতিঃ**

২৫১৭.৭৩ লক্ষ টাকা যা অনুমোদিত ব্যয়ের ৯৮.৯%

১৩.২ **প্রকল্পের বাস্তব অগ্রগতিঃ**

প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০%।

১৪। **বছর ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লেষণঃ**

নিম্নে বছর ভিত্তিক বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিবি) বরাদ্দ এবং সংশোধিত এডিবি বরাদ্দ ও প্রকৃত ব্যয় দেওয়া হলঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	মূল ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	মুল এডিপি-তে বরাদ্দ	সংশোধিত এডিপি-তে বরাদ্দ	ব্যয়
১	২	৩	৪	৫	৬
২০১৩-২০১৪	১৭৬৫.৮৯	-		-	-
২০১৪-২০১৫	৭৯৭.৯৫	১৯৭৪.২৪	২২০০	২১২১.০০	১৯৭৪.২৪
২০১৫-২০১৬	-	৫৭০.৭৭	৫৪৫	৫৪৫.০০	৫৪৩.৪৯
মোটঃ	**২৫৬৩.৮৪**	**২৫৪৫.০১**		**২৬৬৬.০০**	**২৫১৭.৭৩**

১৫। **প্রকল্প পরিদর্শনঃ**

আলোচ্য প্রকল্পের আওতায় সমাপ্ত কার্যক্রমসমূহ সরেজমিন পরিদর্শনের লক্ষ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক মোহাম্মদ তানভীর আব্বাস গত ০৯/০৮/২০১৭ তারিখ প্রকল্প এলাকা অর্থাৎ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কার্যক্রমে সহায়তা করেন।

১৬। **প্রকল্পের কাজের বর্তমান অবস্থাঃ**

প্রকল্প সমাপ্ত হওয়ার পর নিম্নলিখিত কর্যক্রম সম্পন্ন হয়েছেঃ

(১) প্রস্তুতকৃত খসড়া বেসামারিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন মহান জাতীয় সংসদ কর্তৃক বেসামারিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ হিসাবে অনুমোদিত হয় এবং বিগত ১৯ ফেব্রুয়ারী, ২০১৭ তারিখে সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে তা প্রকাশিত হয়।

(২) অপরদিকে, বেসামরিক বিমান চলাচল আইন এর খসড়াটি র্বতমানে জাতীয় সংসদের বেসমরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী-কমিটি কর্তৃক বেসামরিক বিমান চলাচল বিল, ২০১৭ হিসাবে যাচাই-বাছাইরত অবস্থায় আছে। শীঘ্রই বিলটি আইন হিসাবে অনুমোদনের সম্ভাবনা রয়েছে।

(৩) প্রস্তুতকৃত অন্যান্য ডকুমেন্টসমূহ পর্যায়ক্রমে অনুমোদন করা হবে।

(৪) পরিদর্শনকালে জানা যায় যে, ক্যাটাগরি-২ হতে ক্যাটাগরী-১ এ উন্নীত করনের বিষয়টি ফেডারেল এভিয়েশন এ্যাডমিনিস্ট্রেশন কর্তৃক International Aviation Safety Audit (IASA) নামক একটি অডিটের উপর নির্ভর করবে। এ বিষয়ে FAA এর সাথে বিভিন্ন সময়ে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ হতে যোগাযোগ করা হয়। সর্বশেষ বিগত ২০১৭ তারিখে অত্র কর্তৃপক্ষ হতে যোযোগ করা হলে এ বিষয়ে FAA জানায় যে, অডিট পরিচালনার পূর্বে বাংলাদেশে FAA এর একটি বিশেষজ্ঞ দল Technical Assistance Mission পরিচালনা করবে। যার জন্য একটি খসড়া MoU -ও প্রেরণ করে। উক্ত

টেকনিক্যাল এসিসটেন্স মিশনটি এ বছরে শেষে পরিচালনার জন্য FAA ইচ্ছা প্রকাশ করেছে। উক্ত টেকনিক্যাল এসিসট্যান্স মিশনের পর FAA অডিটের তারিখ স্থির করবে বলে আশা করা যায়।

১৭। **ক্রয় পরিকল্পনা সংক্রান্ত তথ্যাদিঃ**

ক্রঃ নং	প্যাকেজ	চুক্তি মূল্য (কোটি টাকায়)	বিস্তারিত কার্য্যাদেশ অনুযায়ী		অগ্রগতি		মন্তব্য
			কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তির তারিখ/ বর্ধিত সময়	বাস্তব (%)	আর্থিক (কোটি টাকায়)	
১	International Consultancy Services to assist and develop all fields of Regulatory affairs of CAAB outlined in the project Document CAAB MP-2100.	২৩৫৭.৬৭ (ট্যাক্স ও ভ্যাট সহ)	১৬-১১-১৪	১২/১১/২০১৫	১০০%	২৩৫৭.২৩	কাজ সমাপ্ত।

১৮। **আইএমইডি কর্তৃক পূর্ববর্তী পরিদর্শকের সুপারিশ ও প্রতিপালন**

প্রকল্পটি ইতোপূর্বে আইএমইডি কর্তৃক পরিদর্শন করা হয়নি।

১৯। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	মেয়াদকাল
এস এম নাজমুল আলম পরিচালক (ফ্লাইট সেইফটি এ্যান্ড রেগুলেশন্স)	পূর্ণকালীন	জানুয়ারি ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৫

২০। **প্রকল্পের প্রভাবঃ**

(১) প্রকল্পটির মাধ্যমে যে সকল রেগুলেটরী সম্পর্কীত ডকুমেন্ট প্রস্তুত এবং সিএএবি এর ইন্সপেক্টরগনকে যে প্রশিক্ষন প্রদান করা হয়েছে তার ফলে সিএএবি যুক্তরাষ্ট্রের ফেডারেল এভিয়েশন এ্যাডমিনিষ্ট্রেশন কর্তৃক পরিচালিতব্য IASA অডিট সাফল্যজনকভাবে সম্পন্ন করার যোগ্যতা অর্জন করেছে। অডিটটি সাফল্যজনকভাবে সম্পন্ন করা গেলে বাংলাদেশ-কে ক্যাটাগরী-২ হতে ক্যাটাগরী-১ রাষ্ট্রে উন্নীত করা সম্ভব হবে এবং বাংলাদেশী বিমান সংস্থার বিমান দ্বারা বাংলাদেশ হতে সরাসরি যুক্তরাষ্ট্রের বিমান চলাচল পুনরায় চালু করা যাবে।

(২) সিএএবি'র Safety Oversight Capability সার্বিকভাবে বৃদ্ধি পেয়েছে। ফলে আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংস্থা কর্তৃক Significant Safety Concern (SSC) বা কালো তালিকাভূক্তির সম্ভাবনা দূরীভূত হয়েছে বলে আশা করা যায়।

(৩) আলোচ্য প্রকল্পটির আওতায় সিএএবি এর পরিদর্শকগনকে Inspector Training System (ITS) এবং On the Job Training প্রদান করা হয়েছে যার ফলে পরিদর্শকগণ যেমন পরিদর্শন বিষয়ে পারদর্শিতা অর্জন করেছে ঠিক একইভাবে IASA অডিট সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করেছে। প্রকল্পটির মাধ্যমে সিএএবি এর পরিদর্শকগন আশেপাশের

দেশের সিএএ এর তুলনায় অনেকগুন যোগ্যতা অর্জন করেছে। যার ফলে প্রকল্পটি সমাপ্ত হওয়ার পর আশে পাশের দেশ যেমন-নেপাল, ভূটান, থাইল্যান্ড, মায়ানমার cÖf…wZ হতে রিগুলেটরী সংক্রান্ত বিষয়ে বিশেজ্ঞ পরামর্শের জন্য অনুরোধ জানানো হলে উক্ত আলোচ্য প্রকল্পে প্রশিক্ষনপ্রাপ্ত পরিদর্শকগন উক্ত দেশসমূহে গিয়ে বিশেষজ্ঞ পরামর্শ প্রদান করে এসেছেন।

২১। পর্যালোচনাঃ

২১.১ প্রকল্পের দলিলাদি ও সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে দেখা যায় যে, ২ বছর মেয়াদে ২৫.৬৪ কোটি টাকা ব্যয়ে প্রকল্পের আওতায় সিএএবি'এর সকল ক্ষেত্রের রেগুলেটরী বিষয়সমূহের উন্নয়ন ও সহায়তার জন্য আন্তর্জাতিক পরামর্শক সেবা গ্রহণ করার কথা। তবে, ৫০% অতিরিক্ত সময় ব্যয়ে অর্থাৎ ৩ বছর মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়। বিলম্বে প্রকল্পের কার্যক্রম শুরু করায় এর বাস্তবায়ন দীর্ঘায়িত হয়;

২১.২ প্রকল্পের আওতায় সম্পাদিত প্রশিক্ষন সিএএবি পরিদর্শকগনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ন যা পূর্বে বাংলাদেশে প্রদান করা সম্ভব হয়নি। পরিদর্শকগনকে বিদেশে প্রেরণ করে এই প্রশিক্ষন প্রদান করতে প্রচুর অর্থের প্রয়োজন পড়ে। Inspector's Training System (ITS) প্রশিক্ষনটি প্রদান করতে প্রয়োজন হয় Federal Aviation Administration (FAA) accredited প্রশিক্ষক যারা FAA এবং বিশ্বের কয়েকটি নির্দিষ্ট প্রশিক্ষন কেন্দ্রে ছাড়া প্রশিক্ষন প্রদান করেন না। আলোচ্য প্রকল্পের আওতায় প্রশিক্ষন সম্পন্ন করার ফলে একই সাথে সিএএবি-এর ৪০ জনের মত পরিদর্শক প্রশিক্ষনের সুযোগ পেয়েছে। এতে অর্থের সাশ্রয় হয়েছে।

২১.৩ প্রকল্পটির মাধ্যমে সিএএবি এর পরিদর্শকগন আশেপাশের দেশের সিএএ এর তুলনায় অনেকগুন যোগ্যতা অর্জন করেছে। যার ফলে প্রকল্পটি সমাপ্ত হওয়ার পর আশে পাশের দেশ যেমন-নেপাল, ভূটান, থাইল্যান্ড, মায়ানমার প্রভৃতি হতে রিগুলেটরী সংক্রান্ত বিষয়ে বিশেজ্ঞ পরামর্শের জন্য অনুরোধ জানানো হলে উক্ত আলোচ্য প্রকল্পে প্রশিক্ষনপ্রাপ্ত পরিদর্শকগন উক্ত দেশসমূহে গিয়ে বিশেষজ্ঞ পরামর্শ প্রদান করে এসেছেন।

২২। আইএমইড'র মতামত:

২২.১ প্রকল্পের আওতায় প্রাপ্ত Action plan, রেগুলেটরী অ্যাফেয়ার্স সংক্রান্ত ডকুমেন্ট এবং সম্পাদিত প্রশিক্ষণে লব্ধ জ্ঞান প্রয়োগ করে বাংলাদেশকে ফেডারেল এভিয়েশন এ্যাডমিনিষ্ট্রেশন এর Category-2 হতে Category-1 রাষ্ট্রে উন্নীতকরণে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে;

২২.২ প্রযোজ্য শর্ত প্রতিপালনপূর্বক অতিশীঘ্র বাংলাদেশ-USA রুটে পুনরায় বাংলাদেশ বিমান চলাচলের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

২২.৩ প্রকল্পের উপর অতি শীঘ্রই external audit সম্পন্ন করতে হবে;

২২.৪ ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের ডিপিপি প্রণয়নের সময় পারিপার্শ্বিক সকল বিষয়াদি বিবেচনায় এনে প্রকল্পের সঠিক ডিজাইন নিশ্চিত করতে হবে, যাতে করে প্রকল্পের সংশোধন বা মেয়াদ বৃদ্ধির প্রয়োজন না হয়;

২২.৫ অনুচ্ছেদ ২১.১-২১.৪ এর উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডিসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

চট্টগ্রাম মোটেল সৈকত কমপাউন্ডে নতুন পর্যটন মোটেল নির্মাণ এবং কক্সবাজারস্থ হোটেল শৈবালের পার্শ্বদিক সম্প্রসারণ -শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

১। প্রকল্পের নাম : চট্টগ্রামস্থ মোটেল সৈকত কমপাউন্ডে নতুন পর্যটন মোটেল নির্মাণ এবং কক্সবাজারস্থ হোটেল শৈবালের সংস্কার (২য় সংশোধিত)।

২। প্রকল্পের অবস্থান : চট্টগ্রামের রেল ষ্টেশন সন্নিকটে মোটেল সৈকত।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পর্যটন কর্পোরেশন

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত	অতিক্রান্ত ব্যয়	অতিক্রান্ত সময়
মূল মোট (প্রঃ সাঃ)	সর্বশেষ সংশোধিত মোট (প্রঃসাঃ)	মোট (প্রঃ সাঃ)	মূল	সর্বশেষ সংশোধিত	বাস্তবায়ন কাল	(মূল অনু: ব্যয়ের %)	(মূল বাস্তবায়ন কালের %)
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৪৯৫.৮৫ (--)	৪২৮৫.৫৬ (--)	৪২৮৫.৫৬ (--)	ডিসেম্বর/২০১০ হতে জুন/২০১৩	ডিসেম্বর/২০১০ হতে ডিসেম্বর/২০১৫	ডিসেম্বর/২০১০ হতে ডিসেম্বর/২০১৫	--	৯৬.৭৭%

৬। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে চট্টগ্রামে আগত পর্যটকদের আবাসনসহ অন্যান্য সুযোগ-সুবিধা সৃষ্টি;
- দেশী-বিদেশী পর্যটক প্রবাহ বৃদ্ধি;
- স্থানীয় জনসাধারণের কর্মসংস্থান ও আয়ের সুযোগ সৃষ্টি ইত্যাদি।

৭। **প্রকল্পের পটভূমি:** চট্টগ্রাম বাংলাদেশের বাণিজ্যের প্রাণকেন্দ্র এবং পাহাড়, সমুদ্র ইত্যাদি বিবেচনায় প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি। এ কারণে পূর্বের তুলনায় চট্টগ্রাম ও কক্সবাজারে দেশী-বিদেশী পর্যটক এবং দেশের অন্যান্য স্থান হতে জনসাধারণের আগমন বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে সেটি আরো বৃদ্ধি পাবে। পর্যটন ক্ষেত্রে বেসরকারী সংস্থাকে উৎসাহিত করার পাশাপাশি সরকারি ভূমিকা আরো জোরদার করা লক্ষ্যে বিবেচ্য প্রকল্পের আওতায় মোটেল সৈকতের ১০ম তলা পর্যন্ত নির্মাণ করা হয়।

৮। **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ** প্রকল্পটি গত ২৫-০১-২০১১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় অর্থনৈতিক পরিষদের সভায় অনুমোদন দেয়া হয়। অনুমোদিত প্রকল্প ব্যয় ছিল ৪৪৯৫.৮৫ লক্ষ টাকা। এর মধ্যে সরকারি অনুদান ৪৩৯২.৮৫ লক্ষ টাকা এবং বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের নিজস্ব তহবিল ১০৩.০০ লক্ষ টাকা। প্রকল্প মূল অনুমোদিত বাস্তবায়নকাল ছিল ডিসেম্বর/২০১০ হতে জুন/২০১৩ পর্যন্ত। পরবর্তীতে বিভিন্ন প্রেক্ষাপটে প্রকল্পটি সংশোধন করা হয়। সংশোধিত প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৪২৮৫.৫৬ লক্ষ টাকা (জিওবি ৪১৯০.৫৬ লক্ষ টাকা এবং বাপক এর

নিজস্ব তহবিল ৯৫.০০ লক্ষ টাকা)। মূল অনুমোদিত ডিপিপিতে ১ম তলা বেসমেন্ট সহ ১০ তলা ভিত্তির উপর ৫ম তলা পর্যন্ত নির্মাণের জন্য নির্ধারিত ছিল। পরবর্তীতে মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে একবারেই ১০ তলা পর্যন্ত নির্মাণ করার প্রস্তাব করা হয়। কারণ মোটেলটি ৫ম তলা পর্যন্ত নির্মাণ করে প্রকল্পটি সমাপ্ত করা হলে ৫ম তলার ছাদে যে সব স্থায়ী কম্পোনেন্ট যেমন-ওয়াটার ট্যাংক, ওয়াটার সাপ্লাই লাইন, প্যারাপেট, জলছাদ, লিফট মেশিন রুম, চিলেকোঠার ছাদ নির্মাণ করা হবে যা পরবর্তীতে ১০ তলা পর্যন্ত সম্প্রসারণ করার সময় ভেঙ্গে ফেলতে হবে। এছাড়া নতুনভাবে নির্মাণ কাজ শুরু করা হলে তা সমাপ্ত না হওয়া পর্যন্ত মোটেলটিতে পর্যটকগণ অবস্থান করতে পারবেন না বিধায় মোটেল সৈকতের আয় হতে বঞ্চিত ও অনেকটা লোকসানের সম্মূখীন হবে বিধায় প্রকল্পের আওতায় কক্সবাজার হোটেল শৈবাল সম্প্রসারণ কাজের জন্য প্রস্তাবিত অর্থ মোটেল সৈকতের স্থানে একবারেই ১০ তলা পর্যন্ত ভবন নির্মাণ করা হয়েছে। কক্সবাজার হোটেল শৈবালের প্রস্তাবিত কাজ সম্পূর্ণই বাদ দেয়া হয়েছে।

৯। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ** প্রাপ্ত PCR অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হলোঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
ক্রঃ নং	১	২	৩	৪	৫	৬
(ক)	**রাজস্বঃ**					
১.	ভাতাদি	থোক	থোক	৩.০০	থোক	৩.০০
২.	সরবরাহ ও সেবা	,,	,,	৭.০০	,,	৭.০০
৩.	পরামর্শক ব্যয়	,,	,,	১৫.০০	,,	১৫.০০
উপ-মোট (রাজস্ব) =				**২৫.০০**		**২৫.০০**
(খ)	**মূলধনঃ**					
৪.	ভূমি উন্নয়ন	ঘ:মি:	৭৫৯৫	১.৪৩	৭৫৯৫	১.৪৩
৫.	মোটেল সৈকত ভবন নির্মাণ	ব:মি:	১২০৯৭	২৯১৯.১৬	১২০৯৭	২৯১৯.১৬
৬.	পয়: ব্যবস্থাপনা এবং পানি সরবরাহ	ব:মি:	১২০৯৭	১৩৪.০৯	১২০৯৭	১৩৪.০৯
৭.	বিদ্যুতায়ন	ব:মি:	১২০৯৭	২২১.৮১	১২০৯৭	২২১.৮১
৮.	এপ্রোচ রোড ও কার পার্কিং	থোক	থোক	৫.৭৫	থোক	৫.৭৫
৯.	মোলেট শৈবালের বেন্যুভেশন	,,	,,	০.০০	,,	০.০০
১০.	অন্যান্য	,,	,,	১০৭.৯৬	,,	১০৭.৯৬
১১.	ফার্ণিচার সংগ্রহ	,,	,,	২১৩.৫৪	,,	২১৩.৫৪
১২.	লিনেন, ক্রোকারিজ ও কাটলারিজ সংগ্রহ	,,	,,	৪০.০০	,,	৪০.০০
১৩.	যন্ত্রপাতি ও উপকরণ সংগ্রহ	,,	,,	৫৯৬.৬০	,,	৫৯৬.৬০
উপ-মোট (মূলধন)=				**৪২৪০.৩৪**		**৪২৪০.৩৪**
(গ)	কন্টিনজেন্সিঃ					
১৪.	ফিজিক্যাল কন্টিনজেন্সি	থোক	থোক	১০.৭২	থোক	১০.৭২
১৫.	প্রাইস কন্টিনজেন্সি	,,	,,	৯.৫০	,,	৯.৫০
মোট (রাজস্ব+মূলধন+কন্টিনজেন্সি) =				**৪২৮৫.৫৬**		**৪২৮৫.৫৬**

১০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পটির আওতায় অনুমোদিত ডিপিপি অনুযায়ী বাংলাদেশের অন্যতম পর্যটন আকর্ষনীয় স্থান, পৃথিবীর দীর্ঘতম সমূদ্র সৈকত কক্সবাজারের পর্যটন কর্পোরেশনের বিদ্যমান হোটেল শৈবালের বিদ্যামান ভবনটির পাশ্বে ৭তলা ফাউন্ডেশনের ৪র্থ তলা পর্যন্ত নির্মাণ করার যে পরিকল্পনা ছিল তা আরডিপিপিতে রাখা হয়নি। কিন্তু প্রকল্পটির নামকরণে তা বিদ্যমান রয়েছে। তাছাড়া প্রকল্পটির নামকরণ পরিবর্তন না করে শুধু চট্টগ্রাম অংশের কাজ সম্পন্ন করা হয়েছে। আরডিপিপি অনুযায়ী চট্টগ্রামস্থ মোটেল সৈকতের কোন কাজ অসমাপ্ত নেই।

১১। প্রকল্পের মুল কার্যক্রম: চট্টগ্রামস্থ মোটেল সৈকতের ভূমি উন্নয়ন, মোটেল সৈকত ভবন নির্মাণ, পয়: ব্যবস্থাপনা এবং পানি সরবরাহ, বিদ্যুতায়ন, এপ্রোচ রোড ও কার পার্কিং, ফার্ণিচার সংগ্রহ, লিনেন, ক্রোকারিজ ও কাটলারিজ সংগ্রহ, যন্ত্রপাতি ও উপকরণ সংগ্রহ ইত্যাদি।

১২। প্রকল্প এলাকা পরিদর্শনঃ

১২.১। প্রকল্পটি ডিসেম্বর,২০১৫ তারিখে সমাপ্ত হয় এবং মূল্যায়নের জন্য ২৪/১০/২০১৬ তারিখে আইএমইডিহতে PCR প্রেরণ করা হয়। ২২/১২/২০১৬ তারিখে সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত প্রকল্পটির চট্টগ্রামে নির্মিত মোটেল সৈকত সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী মোঃ ফজলুল হক, ম্যানেজার শাহ মোঃ মিজানুর রহমানসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (চিত্র:-১-২)।

চিত্র ১-২: চট্টগ্রামস্থ মোটেল সৈকত সরে-জমিনে পরিদর্শন

১২.২। ভৌত-অবকাঠামো সম্পর্কিত তথ্যাদিঃ

চট্টগ্রাম মোটেল সৈকতের ১০ তলা পর্যন্ত নির্মাণ করায় তাতে সর্বমোট আবাসিক কক্ষ ১৫৩টি (৮টি স্যুট ও ১৪৫টি ডিলাক্স রুম) {Royal Suite Room +2 beds (8 Rooms); Deluxe AC Room 45 beds (45 Rooms); standered AC Room 2 beds (100 Rooms); অন্যান্য ভৌত অবকাঠামোর বর্ণনা নিম্নরূপঃ

পোর্চ, লবি, রিসিপশন, হেলপ ডেস্ক
১৫৩টি আবাসিক কক্ষ (৮টি স্যুট ও ১৪৫টি ডিলাক্স)
৪০০ আসনের কনফারেন্স হল- ২টি
১০০ আসনের রেস্তরা ও কিচেন-১টি
৩০ আসনের কপি শপ-১টি
৫০ আসনের রেস্তোরা ও কিচেন (২য় তলায়) -১টি
জিম রুম (পুরুষ ও মহিলা) -২টি
কর্মাসিয়াল স্পেস (৯টি সপ)
৪টি লিফট (৩টি অতিথি, ১টি সার্ভিস)

৫০০ কেভিএ সাব-ষ্টেশন
স্ট্যান্ড বাই জেনারেটর ২টি (২০০+১০০ কেভিএ)
অফিস, স্টোর
গেষ্ট টয়লেট (পুরুষ ও মহিলা)
গেট, গার্ড রুরম ও বাউন্ডারী ওয়াল এবং
অভ্যন্তরীন রাস্তা ও কার পার্কিং।

সীমিত ব্যয়ের মধ্যে প্রতিটি রুম সাজানো হয়েছে মর্মে উপস্থিত নির্বাহী প্রকৌশলী দাবী করেন। পরিদর্শন/ মূল্যায়নকালে প্রতিটি রুমের ডেকোরেশন মোটামুটি সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। বর্তমানে ম্যানেজার শাহ মোঃ মিজানুর রহমান জানান যে বর্ণিত সংখ্যার রুমগুলো সঠিক আছে। সরজমিনে যাচাই করে আবাসিক কক্ষসহ অন্যান্য ভৌত কাঠামোর সংখ্যা পিসিআর-এ ডি-অনুচ্ছেদে বর্ণিত প্রকল্পের আওতায় সুবিধাদির সাথে সামঞ্জস্যপূর্ণ পাওয়া গেল।

চিত্র ৩-৪: চট্টগ্রামস্থ মোটেল সৈকতের বিভিন্ন রুমের চিত্র।

১২.৩। চট্টগ্রাম মোটেল সৈকতের জন্য সর্বমোট ৩৩৯৫ টি বিভিন্ন ধরনের আসবাপত্র ক্রয় করা হয়েছে যা নিম্নরূপ:

ডাবল খাট ৯৩টি, সিঙ্গেল খাট ১৪৪টি, সিঙ্গেল সোফা ৪০৭টি, টু-সিটের সোফা ১৫টি, থ্রিসিটের সোফা ৫টি, গ্লাস টপ সেন্টার টেবিল ২০০টি, ওয়ার ড্রব ১৫১টি, ড্রেসিং টেবিল ১৫১টি, ড্রেসিং টুল ৮৫টি, রাইটিং টেবিল ১০৯টি, রাইটিং চেয়ার ১৫১টি, বেলকুনি চেয়ার ১৭০টি, লিনেন রেক ১৫টি, সার্ভিস ট্রলি ১৮টি বেবি কট ১৫টি, রিসেপশন চেয়া ৩টি, রিসেপশন ডেক্স ৩টি, স্নাকস কর্ণার টেবিল ৬টি, স্নাকস কর্ণার চেয়ার ২০টি, ডিসপ্লে র‍্যাক ৫টি, বেডসাইড টেবিল ২৫০টি, টিভি ট্রলি ১৬৬টি, ম্যানেজার টেবিল ৪টি, কুশন চেয়ার ২৪টি, স্টীল ফাইল কেবিনেট ৪টি, আয়ন সেট ১টি, কনফারেন্স টেবিল ৪৬টি, কনফারেন্স চেয়ার ৪০০টি, ডাইনিং টেবিল ২৩টি, ডাইনিং চেয়ার ১০০টি, সার্ভিস ষ্টেশন টেবিল ৪টি, কিচেন ষ্টোর র‍্যাক ৪টি, কফি টেবিল ৮টি, কফি চেয়ার ৩০টি, রাউন্ড টেবিল ৩৭টি, চেয়ার ৫০টি, স্পীকার ডেক্স ১টি, টেবিল ল্যাম্প ১৫০টি, প্লট ফরম চৌকি ২৬টি, লাগেজ ষ্টান্ড ১৩৯টি, স্টেইজ চেয়ার ২টি।

১২.৪। প্রকল্পের আওতায় ক্রয়কৃত হোটেলের আসবাবপত্র রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়েছে। রেজিষ্টারটি প্রত্যায়ন করা আছে। তরে রেজিষ্টারের সংশ্লিষ্ট পাতায় লিপিবদ্ধকারী বা কোন কর্মকর্তার স্বাক্ষর নেই। পিসিআর অনুযায়ী রেজিষ্টারের মোট আসবাপত্রের সংখ্যার মিল রয়েছে।

১২.৫। মেশিনারিজ এবং ইকুইপমেন্টঃ

প্রকল্পের আওতায় ক্রয়কৃত মেশিনারিজ এবং ইকুইপমেন্ট মোটেল সৈকতের স্থায়ী সম্পদ রেজিষ্টার-১ এ লিপিবদ্ধ করা হয়েছে। পিসিআর-এ বর্ণিত তথ্যাদি যাচাই করে নিম্নরূপ চিত্র পাওয়া যায়ঃ

মেশিনারিজ এবং ইকুইপমেন্টের নাম	পিসিআর-এ বর্ণিত সংখ্যা	রেজিষ্টারের পৃষ্ঠা নম্বর	রেজিষ্টারে লিপিবদ্ধকৃত সংখ্যা	মন্তব্য
ফ্রিজ	০৫	০৫ ও ০৬	০৫	মডেলসহ অন্যান্য বিষয়ে মিল রয়েছে।
মিনি ফ্রিজ	১৪০	০৪	১৪০	মডেলসহ অন্যান্য বিষয়ে মিল রয়েছে।
এয়ারকুলার	২০৩	১৬ ও ১৮	১৯২	পিসিআর এ বর্ণিত সংখ্যা সঠিক নয় দাবী করে নির্বাহী প্রকোশলী মো: ফজলুল হক বলেন আরডিপিপিতে ১৯২টি এয়ারকুলার সংগ্রহের কথা বলা হয়েছে।
ওয়াটার হিটার	১৬৪	১৭	১৫৭	পিসিআর এ বর্ণিত সংখ্যা সঠিক নয় দাবী করে নির্বাহী প্রকোশলী মো: ফজলুল হক বলেন আরডিপিপিতে ১৫৮টি ওয়াটার হিটার সংগ্রহের কথা বলা হয়েছে।
এলইডি টিভি	১৬১	০৩	১৬১	মডেলসহ অন্যান্য বিষয়ে মিল রয়েছে।
জেনারেটর	০২	০১, ১৫৩	০২	একটি ইউএসএ এবং একটি ইউকেহর তৈরী
লিফট	০৪	১৫৪	০৪	মডেলসহ অন্যান্য বিষয়ে মিল রয়েছে।
ফায়ার এস্টিংগুইসার	২০	২০	৩৬	পিসিআর এ বর্ণিত সংখ্যা সঠিক নয় দাবী করে নির্বাহী প্রকোশলী মো: ফজলুল হক বলেন আরডিপিপিতে ৩৬৮টি ফায়ার এস্টিঙগুইসার সংগ্রহের কথা বলা হয়েছে।
সিসি টিভি	৩২	২৯	৩২	৩২টি ক্যামেরা ছাড়াও ২টি মনিটর ওবং ২টি রের্কডার রিজিষ্টারে লিপিবদ্ধ আছে কিন্তু পিসিআরএ মনিটর ও রের্কডারের বিষয় উল্লেখ নেই।
টেলিফোন সেট এবং পিএবিএক্স	০২	১৪২	০২	এছাড়াও (৮০+১২০)=২০০টি টেলিফোন সেট রেজিষ্টারের পৃ-১৪৪-এ লিপিবদ্ধ আছে অথচ পিসিআরএ কোথাও সেট সংখ্যার উল্লেখ নেই।
হিলফ ইকুইপমেন্স্ট/ গেমস আইটেম	১৮	৭-১৫		মডেলসহ অন্যান্য বিষয়ে মিল রয়েছে।
সাব-স্টেশন ইকুইপমেস্ট	১ সেট	১৪৭-১৫২	০১ সেট	মডেলসহ অন্যান্য বিষয়ে মিল রয়েছে।

১২.৬। এছাড়াও ইন্টরিয়র ডেকুরেশন, মেইন ওয়াটার সাপ্লাই লাইন, ওয়াটার রির্জাভার/ট্যাংক, পাম্প, বাউন্ডারী ওয়াল, গেইট, গার্ডেন, সোলার সিস্টেম এবং ছাদের উপর বৃষ্টির পানি রিজার্ভার ইত্যাদি নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে যে সকল মেশিনারিজ/ফানির্চার/বৈদ্যুতিক ফিটিং/বাউন্ডারী ওয়াল/গেইট/ সোলার সিস্টেম, ইত্যাদি পর্যবেক্ষণ করা হয় তা বাহিজ্যিকভাবে মান-সম্পন্ন মর্মে প্রতীয়মান হয়েছে। উল্লেখ্য প্রকল্পের আওতায় সংগৃহীত লিলেন, ক্রোক্রারি ও কাটলারিজসমূহের বর্ণনা রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়েছে। তবে রেজিষ্টারে প্রত্যায়ন থাকলেও রেজিষ্টারের সংশ্লিষ্ট পৃষ্ঠায় লিপিবদ্ধকারী/কোন কর্মকর্তার স্বাক্ষর নেই।

চিত্র ৫-৬: চট্টগ্রামস্থ মোটেল সৈকতের ওয়াটার রিজার্ভার, সোলার সিস্টেম এর খন্ড চিত্র

চিত্র ৭-৮: চট্টগ্রামস্থ মোটেল সৈকতের বৈদ্যতিক ফিটিসিং ও ফায়ার পোটেকশ এর খন্ড চিত্র

১৩। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ছিল ৪২৮৫.৫৬ লক্ষ টাকা এবং বাস্তবায়ন কাল ছিল ডিসেম্বর/২০১০ হতে ডিসেম্বর/২০১৫ পর্যন্ত। অনুমোদিত সময়ের মধ্যে বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়। প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী ডিসেম্বর/২০১৫ অর্থাৎ সমাপ্তি পর্যন্ত আর্থিক অগ্রগতি ৪২৫৮.৫৬ লক্ষ টাকা (১০০%) বাস্তব অগ্রগতি ১০০%।

১৪। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রমঃ প্রাপ্ত PCR-এ প্রকল্প মনিটরিং এবং অডিটিং এর যে চিত্র তুলে ধরা হয়েছে (পিসিআর পৃ:-৯) তা পর্যালোচনা এবং সরজমিনে পরিদর্শন করে সার্বিক বিবেচনায় প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের নিবিড় মনিটরিং কার্যক্রম বলবৎ ছিল মর্মে প্রতীয়মান হয়েছে।

১৫। প্রকল্পের জনবল নিয়োগঃ প্রকল্পটি বাস্তবায়নের জন্য আলাদা ভাবে কোন জনবল নিয়োগ করা হয়নি। পর্যটন কর্পোরেশেরন নিজস্ব জনবল দ্বারা প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

১৬। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পটি বাস্তবায়নকালে ৩ জন প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্মে প্রকল্প পরিচালকের তথ্য দেয়া হলো:

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
১.	জনাব কালী রঞ্জন বর্ম্মণ	জয়েন্ট সেক্রেটারী	খন্ডকালীন	১৬/০৯/২০১০ হতে ০৬/০৪/২০১৫
২.	জনাব মোঃ শহিদুল হক ভূঁইয়া	জয়েন্ট সেক্রেটারী	খন্ডকালীন	২৬/০৪/২০১৫ হতে ১৩/০৯/২০১৫
৩.	জনাব শাহাদাৎ হোসেন	জয়েন্ট সেক্রেটারী	খন্ডকালীন	০২/০৯/২০১৫ হতে ৩১/১২/২০১৫

১৭। Procurement এর উপর তথ্যাদিঃ প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান এবং মূল্যায়ন, NOA এবং ওয়ার্ক অর্ডার প্রদানে পিপিআর-২০০৮ বিধিমালা অনুসৃত হয়েছে। আসবাবপত্র সরবরাহ ও স্থাপনের কাজ করেছে বাংলাদেশ বনশিল্প কর্পোরেশন।

১৮। প্রকল্প বাস্তবানোত্তর প্রভাবঃ প্রকল্পের আওতায় চট্টগ্রামস্থ মোটেল সৈকতের ১০ তলা পর্যন্ত নির্মিত হওয়ায় চট্টগ্রামে আগত দেশী-বিদেশী পর্যটকদের আবাসনসহ অন্যান্য সুযোগ-সুবিধা সৃষ্টি হওয়াতে বর্তমানে দেশী-বিদেশী পর্যটকগণের প্রবাহ বৃদ্ধি এবং স্থানীয় জনসাধারণের কর্মসংস্থান ও আয়ের সুযোগ বৃদ্ধি পেয়েছে। বর্তমানে মোটেলটি বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের আয় বৃদ্ধিতে সাহায্য করছে এবং একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে মর্মে বর্তমান ম্যানেজার জানান।

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

অনুমোদিত	অর্জিত
চট্টগ্রামস্থ মোটেল সৈকত কমপাউন্ডে নতুন পর্যটন মোটেল নির্মাণ এবং কক্সবাজারস্থ হোটেল শৈবালের সংস্কার করার কার্যক্রমের মাধ্যমে চট্টগ্রাম ও কক্সবাজারে আগত পর্যটকদের আবাসনসহ অন্যান্য সুযোগ-সুবিধা সৃষ্টি; দেশী-বিদেশী পর্যটক প্রবাহ বৃদ্ধি; স্থানীয় জনসাধারণের কর্মসংস্থান ও আয়ের সুযোগ সৃষ্টি; প্রাকৃতিক সৌন্দর্য ও পরিবেশ অক্ষুন্ন রাখা ইত্যাদি।	প্রকল্পের আওতায় কক্সবাজারস্থ হোটেল শৈবালের সংস্কার কার্যক্রম বাদ দিয়ে পরবর্তীতে চট্টগ্রামস্থ মোটেল সৈকত কমপাউন্ডে ১০ তলা নতুন পর্যটন মোটেল নির্মাণ করা হয়েছে। তাতে চট্টগ্রামে আগত পর্যটকদের আবাসনসহ অন্যান্য সুযোগ-সুবিধা সৃষ্টি; দেশী-বিদেশী পর্যটক প্রবাহ বৃদ্ধি; স্থানীয় জনসাধারণের কর্মসংস্থান ও আয়ের সুযোগ সৃষ্টি হয়েছে। তবে প্রাকৃতিক সৌন্দর্য ও পরিবেশ অক্ষুন্ন রাখার বিষয়ে তেমন কোন কার্যক্রম দৃষ্টিগোচর হয়নি।

২০। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণঃ সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্যে অর্জিত হয়েছে মর্মে গণ্য করা যায়।

২১। বাস্তবায়ন সমস্যাঃ প্রকল্পটি বাস্তবায়নে কোন সমস্যা পরিলক্ষিত হয়নি। প্রকল্প পরিচালকগণের সঠিক কর্মপরিকল্পনা, তদারকি ও সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতায় চট্টগ্রামে মোটেল সৈকতের ১০ তলা পর্যন্ত নির্মাণসহ মোটেলটি চালুকরার কাজ যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছেন।

২২। সাধারণ পর্যবেক্ষণ:

২২.১। প্রকল্পের সংশোধিত ডিপিপিতে কক্সবাজারস্থ হোটেল শৈবালের সব ধরনের কাজ সম্পূর্ণভাবে বাদ দেয়া হয়েছে। কিন্তু প্রকল্পের নাম থেকে বাদ দেয়া হয়নি। ফলে প্রকল্পের আওতায় সম্পাদিত কাজে সর্ম্পকে বিভ্রান্তির আশংকা থেকে যায়।

২২.২। সংশোধিত ডিপিপি অনুসারে পিসিআর এ তথ্য সন্নিবেশ না করে মূল ডিপিপি অনুসারে পিসিআর এ তথ্য দেওয়া হয়েছে ফলে মূল্যায়নকালে বিড়ম্বনার সম্মুখীন হতে হয়েছে। বিশেষ করে মেশিনারিজ এবং ইকুইপমেন্ট (এয়ারকুলার, ওয়াটার হিটার, ফায়ার ইস্টিংগুসার) এর সংখ্যাগত তথ্যে গরমিল পাওয়া যায়।

২৩। সুপারিশ/মতামতঃ

২৩.১। প্রকল্পের নামকরণে প্রকল্প এলাকার যথাযথ প্রতিফলন হয়নি। ভবিষ্যৎ- এ ব্যাপারে সর্তক থাকতে হবে;

২৩.২। পিসিআর একটি গুরুত্বপূর্ণ দলিল। সর্বশেষ সংশোধিত ডিপিপি’র তথ্যের আলোকে পিসিআর এ তথ্য সন্নিবেশ করা প্রয়োজন। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পিসিআর প্রস্তুতকালে আরো যত্নবান হতে হবে;

২৩.৩। প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র , মেশিনারিজ/ইকুইপমেন্ট, লিনেনসহ ক্রোকারিজ/কাটলারিজ মোটেল সৈকতের আসববাপত্র রেজিষ্টারের লিপিবদ্ধ করা হলেও লিপিবদ্ধকারী/কর্মকর্তার কোন স্বাক্ষর নেই। রেজিষ্টারের যে সমস্ত পৃষ্ঠায় সংগৃহীত মালামালের তথ্য লিপিবদ্ধ করা হয়েছে সেখানে লিপিবদ্ধকারীসহ সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর করা প্রয়োজন;

২৩.৪। চট্টগ্রামস্থ মোটেল সৈকত কমপাউন্ডে একটি সুইমিং পুল নির্মাণ করা হলে মোটেলটির মান আরও বৃদ্ধি পাবে; এবং

২৩.৫। প্রকল্পটির উপর দ্রুত External Audit সম্পাদন করতে হবে।